গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
পরিকল্পনা ও উন্নয়ন অধিশাখা
সমাজসেবা ভবন
ই-৮/বি-১, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
**www.dss.gov.bd**

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০০০.০০৭.০৭.০০২০.২৫.৪৯৫

তারিখ: ১২/০৪/১৪৩৩
২৭/০৭/২০২৬

বিষয়: বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP) অনুমোদনের প্রশাসনিক ক্ষমতা হালনাগাদকরণ এবং ই-জিপি (e-GP) পোর্টালে ইউজার আইডি (User ID) প্রাপ্তি প্রসঙ্গে।

সূত্র: সমাজসেবা অধিদপ্তরের অফিস আদেশ নম্বর: ৪১.০০.০০০০.০১০.০২.০০০৪.২২.৯৮১, তারিখ: ০৩ ডিসেম্বর ২০২৫ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সমাজসেবা অধিদপ্তর এবং এর আওতাধীন মাঠ পর্যায়ের সকল কার্যালয়, প্রতিষ্ঠান, উন্নয়ন প্রকল্প ও কর্মসূচির সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, 'পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫'-এর উপবিধি ২৫ (১২) অনুযায়ী বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP) অনুমোদনের প্রশাসনিক ক্ষমতা সূত্রস্থ অফিস আদেশের মাধ্যমে বিভিন্ন পর্যায়ে বিকেন্দ্রীকরণ করা হয়েছে।

এমতাবস্থায়, ই-জিপি (e-GP) সিস্টেমে উক্ত প্রশাসনিক ক্ষমতা যথাযথভাবে প্রয়োগ ও হালনাগাদ করার লক্ষ্যে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ আবশ্যিকভাবে অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো:

ক. যাদের ই-জিপি ইউজার আইডি (e-GP User ID) রয়েছে:
যে সকল কর্মকর্তার ই-জিপি পোর্টালে ইতোমধ্যে ইউজার আইডি রয়েছে, তাঁদের ওপর অর্পিত প্রশাসনিক ক্ষমতা সিস্টেমে হালনাগাদ করার নিমিত্ত যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মহাপরিচালক বরাবর আবেদন করতে হবে। এক্ষেত্রে স্ব-স্ব অধিক্ষেত্রের পরিচালকগণ তাঁদের অধীনস্থ সকল কার্যালয়ের আবেদনসমূহ একত্রে সংকলনপূর্বক অগ্রায়ণ পত্রের (Forwarding Letter) মাধ্যমে মহাপরিচালক বরাবর প্রেরণ করবেন। কোনো কর্মকর্তা বা কার্যালয় সরাসরি আবেদন প্রেরণ করবেন না।

খ. যাদের ই-জিপি ইউজার আইডি (e-GP User ID) নেই:
যে সকল কর্মকর্তার ই-জিপি পোর্টালে কোনো ইউজার আইডি নেই, তাঁরা পূর্বের ন্যায় সমাজসেবা অধিদপ্তরের দাপ্তরিক ওয়েবসাইটের নির্দিষ্ট লিংক (https://dss.gov.bd/pages/static-pages/695b9a68c4774958d7b707a8) হতে নির্ধারিত আবেদন ফরম ডাউনলোড করে নির্দেশিকা যথাযথভাবে অনুসরণপূর্বক ফরমটি পূরণ করে নতুন ইউজার আইডি প্রাপ্তির জন্য আবেদন করবেন।

২। উল্লেখ্য যে, ইজিপি সিস্টেমে অর্পিত প্রশাসনিক ক্ষমতা যথাযথভাবে হালনাগাদ করার নিমিত্ত আবেদন ফরমে সংশ্লিষ্ট কর্মকর্তার 'প্রকিউরমেন্ট রোল' (Procurement Role) আবশ্যিকভাবে উল্লেখ করতে হবে।

(শাহ মোহাম্মদ মাহবুব)
মহাপরিচালক
ফোন:৫৫০০৭০২৪
ই-মেইল: dg@dss.gov.bd

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
০১। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয় (সকল)।
০২। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল)।
০৩। প্রকিউরমেন্ট এনটিটি (সকল)।